



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৫০৮/মাধ্য-পরী/২০০০/২২৭২


তারিখ : ২৪/০১/২০২৪ খ্রি.

বিষয়: ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার প্রবেশপত্র বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার প্রবেশপত্র নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী মাধ্যমিক পরীক্ষা শাখা হতে বিতরণ করা হবে। কেন্দ্র সচিব নিজে অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত কোন শিক্ষককে (স্বাক্ষর সত্যায়িতসহ) কেন্দ্রের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশপত্র অফিস চলাকালীন সময়ে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। কোন অবস্থাতেই শিক্ষক ব্যতীত অন্য কোন ব্যক্তিকে প্রবেশপত্র গ্রহণ করার ক্ষমতা প্রদান করা যাবে না। তিনি তাঁর কেন্দ্রাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশপত্র ০৮/০২/২০২৪ তারিখের মধ্যে বিতরণ সম্পন্ন করবেন। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রবেশপত্র যাচাইপূর্বক কোন প্রকার ত্রুটি/কম/বেশি হলে সংশোধন করিয়ে নেয়ার জন্য অবশ্যই ০৭/০২/২০২৪ হতে ১৩/০২/২০২৪ তারিখের মধ্যে উপ পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট নিম্নের ছক অনুযায়ী আবেদন পত্র জমা দিয়ে সংশোধন করিয়ে নিতে হবে। অন্যথায় পরীক্ষায় কোন প্রকার জটিলতার সৃষ্টি হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণই দায়ী থাকবেন।

ক্রমিক	জেলার নাম	সভার তারিখ	মন্তব্য
১	ঢাকা মহানগর, ঢাকা জেলা, গাজীপুর ও টাংগাইল	০৫/০২/২০২৪ সোমবার	
২	নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, মানিকগঞ্জ ও কিশোরগঞ্জ	০৬/০২/২০২৪ মঙ্গলবার	

ক্রমিক	পরীক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম	রোল নম্বর	রেজি: নম্বর	ভুলের বিবরণ	যা হবে


২৪.০২.২৪

প্রফেসর মোঃ আবুল বাশার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ০২-২২৩৩৬৯৮১৫


কেন্দ্র সচিব

ঢাকা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা কেন্দ্র- ২০২৪

কার্যার্থে:

১। ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।

২। অফিস কপি।


২৫.১.২০২৪